



দৈনিক বর্তমান



বোস-আইনস্টাইন তত্ত্বের শতবর্ষপূর্তি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগ এবং বোস সেন্টার ফর এ্যাডভান্সড স্ট্যাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সাইন্সেস-এর যৌথ উদ্যোগে 'Centennial Celebration of Bose-Einstein Statistics: A Legacy of Dhaka' শীর্ষক ৪-দিনব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলনের আগামীকাল বৃহস্পতিবার থেকে শুরু হবে। এ উপলক্ষে মঙ্গলবার অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক প্রেস ব্রিফিং-এর আয়োজন করা হয়। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উপস্থিত ছিলেন

আলোকিত বাংলাদেশ



আলোকিত ডেস্ক

বোস-আইনস্টাইন তত্ত্বের শতবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগ এবং বোস সেন্টার ফর এ্যাডভান্সড স্ট্যাডি এন্ড রিসার্চ ইন ন্যাচারাল সাইন্সেসের যৌথ উদ্যোগে ৭-১০ নভেম্বর 'সেনটেনিয়াল সেলিব্রেশন অব বোস-আইনস্টাইন স্ট্যাটিস্টিকস: এ লিগেসি অব ঢাকা' শীর্ষক ৪ দিনব্যাপী এক আন্তর্জাতিক সম্মেলন আয়োজিত হবে। এতে উপস্থিত থাকবেন আন্তর্জাতিক স্তরের প্রধান উপদেষ্টা ড. ইউনুস আহমেদ আমেরিকা, ব্রাজিল, ভারত, পাকিস্তান ও নেপালসহ বিভিন্ন দেশের প্রায় ৩০ জন বিদেশি স্বায়।

কনফারেন্স স্পিকার হিসেবে উপস্থিত থাকবেন পদার্থ বিজ্ঞানে নোবেল জয়ী বিজ্ঞানী উইলিয়াম ডেনিয়েল ফিলিপস। গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ক্লাসে আয়োজিত সংবাদ সম্মেলনে এই আয়োজনের কথা জানান ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কামরুল হাসান মামুন। এ সময় আরো উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাইমা হক বিদিশা। অধ্যাপক সাইমা হক বিদিশা বলেন, এটি সুবই ভালো উদ্যোগ, আমরা সব সময়ই এই ধরনের উদ্যোগকে সাহুবাদ জানাই। আরো বেশি এই ধরনের আয়োজনের বিষয়ে আমরা আশাবাদী।

ঢাবিতে শুরু হতে যাচ্ছে ৪ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

ঢাবি প্রতিনিধি

প্রখ্যাত পদার্থবিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসু ও আইনস্টাইনের যৌথ গবেষণার একশ বছর পূর্তি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অনুষ্ঠিত হতে যাচ্ছে ৪ দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন। আগামী ৭ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত সম্মেলনটি অনুষ্ঠিত হবে। মঙ্গলবার দুপুরে এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে একটি সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

ঢাবিতে শুরু হতে

ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কামরুল হাসান মামুন প্রমুখ। আন্তর্জাতিক কনফারেন্সটিতে সম্মেলন বক্তা হিসেবে বক্তব্য রাখবেন পদার্থবিজ্ঞানে নোবেলজয়ী উইলিয়াম ডেনিয়েল ফিলিপস। এ ছাড়াও আমেরিকা, ব্রাজিল, হংকং, ভারত, পাকিস্তান, নেপালসহ বিভিন্ন দেশের বিখ্যাত পদার্থবিদরা পুরো সম্মেলনজুড়ে বক্তব্য রাখবেন। সম্মেলন উদ্বোধন করবেন বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা এবং শান্তিতে নোবেল জয়ী ড. মোহাম্মদ ইউনুস। সম্মেলন কমিটির আহ্বায়ক ড. কামরুল হাসান মামুন বলেন, সত্যেন্দ্রনাথ বসু যাকে পৃথিবীর মানুষ সত্যেন বোস নামেই বেশি চিনে, তার জীবনের শ্রেষ্ঠ সময়ের ২৪টি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়কে দিয়েছে। ১৯২১ সালের ১ জুলাই মাত্র ৪টি বিভাগ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম শুরু হয় যার মধ্যে পদার্থবিজ্ঞান একটি। তার আগে ১৯২০ সালের ১লা ডিসেম্বর থেকে প্রথম উপাচার্য হিসেবে কার্যভার গ্রহণ করেন পি জে হার্টগ। তিনিই তৎকালীন ঢাকা কলেজের পদার্থবিজ্ঞানের শিক্ষক ওয়ালটার এলেন জেনকিন্স পদার্থবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান হিসাবে নিয়োগ দেন এবং তার নেতৃত্বেই সুদৃশ্য কার্জন হলের মূল ভবনে পদার্থবিজ্ঞান বিভাগের যাত্রা শুরু হয়। তিনি আরও বলেন, এই বছর জুলাই মাসে বোস-আইনস্টাইন তত্ত্ব যার মাধ্যমে কোয়ান্টাম স্ট্যাটিস্টিক্সের জন্ম হয় তার ১০০ বছর পূর্ণ হতে যাচ্ছে। কোয়ান্টাম স্ট্যাটিস্টিক্সের জন্মস্থান বাংলাদেশ হওয়ায় আমাদের দায়িত্ব আছে দিনটিকে মহা ধুমধামে উদযাপন করা। সত্যেন বোসকে স্মরণ করা এবং বিশ্বকে জানানো যে এই মাটিতে বসেই বিশ্বমানের কাজ সম্ভব। এটাই হবে আমাদের নতুন প্রজন্মের কাছে একটা গুরুত্বপূর্ণ বার্তা। একটি আন্তর্জাতিক কনফারেন্সের মাধ্যমে দিবসটিকে উদযাপন করে বিশ্বকে জানিয়ে দেওয়া যে আমরাও পিছিয়ে ছিলাম না। কোয়ান্টাম মেকানিক্সের জন্মের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নামও জড়িয়ে আছে। কনফারেন্সের কর্মসূচি সম্বন্ধে কামরুল হাসান মামুন বলেন, প্রথম দিন জাঁকজমকপূর্ণ উদ্বোধনী অনুষ্ঠান হবে। উদ্বোধন হবে বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কনভেনশন সেন্টারে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। আরও উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়াজ আহমেদ খান, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সায়মা হক বিদিশা ও প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মামুন আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানে সত্যেন বোসের সরাসরি ছাত্র পার্থ ঘোষ স্মৃতিচারণ করবেন। ২য়, ৩য় ও চতুর্থ দিনের কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হবে। সম্পূর্ণ কনফারেন্সটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইউটিভি চ্যানেল থেকে লাইভ স্ট্রিমিং করা হবে।

ভোরের কাগজ

**ঢাকা বিশ্ববিদ্যালয়
দর্শন বিভাগের
নবীনবরণ ও
বিদায় সংবর্ধনা**

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা গতকাল মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিভাগের ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ দাউদ খান, অধ্যাপক মো. নূরুজ্জামান, বিদায়ী ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অধ্যাপক আ খ ম ইউনুস এবং নবীন ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অরিনা খাতুন জিনিয়া। নবীন শিক্ষার্থীদের পক্ষে মো. সজীব খান এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে ইমরান হোসেন শুভ বক্তব্য রাখেন।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ দর্শনের নৈতিক শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, নৈতিক শিক্ষা ছাড়া আমাদের কোনো জ্ঞানই পরিপূর্ণ ও টেকসই হয় না। তিনি বলেন, দেশের সেরা মেধাবী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। এই সুযোগের যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষ ও প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ ও অন্য অতিথিরা। বিজ্ঞপ্তি

ভোরের ডাক



ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা গতকাল মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



DU in Media

06 November 2024

২১ কার্তিক ১৪৩১

The Bangladesh Today



Freshers Reception of Philosophy Department, University of Dhaka was held at TSC auditorium yesterday. Photo : Courtesy

The New Age



Dhaka University pro-vice-chancellor (education) professor Mamun Ahmed, middle, attends freshers' reception and farewell programme of philosophy department at DU's Teachers-Students Centre auditorium on Tuesday. — Press release



আজকালের খবর

দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে নবীনবরণ ও বিদায় সংবর্ধনা গতকাল মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউল্লায়ীর সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ হিদ্বিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন বিভাগের ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ দাউদ খান, অধ্যাপক মো. নূরুজ্জামান, বিদায়ী ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অধ্যাপক আ খ ম ইউনুস এবং নবীন ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অরিনা খাতুন জিনিয়া। নবীন শিক্ষার্থীদের পক্ষে মো. সজীব খান এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে ইমরান হোসেন শুভ বক্তব্য রাখেন। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ দর্শনের নৈতিক শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, নৈতিক শিক্ষা ছাড়া আমাদের কোন জ্ঞানই পরিপূর্ণ ও টেকসই হয় না। তিনি বলেন, দেশের সেবা মেধাবী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি সুযোগ পায়। এই সুযোগের যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষ ও প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। পড়াশোনায় ভালো করার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের উপর তিনি গুরুত্বারোপ করেন। নৈতিকতা ও মানবিক মূল্যবোধ ধারণ করে সমৃদ্ধ দেশ গড়তে নিজ নিজ অৱস্থান থেকে চুমিকা রাখার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউল্লায়ীর সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ হিদ্বিকুর রহমান খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন বিভাগের ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ দাউদ খান, অধ্যাপক মো. নূরুজ্জামান, বিদায়ী ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অধ্যাপক আ খ ম ইউনুস এবং নবীন ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অরিনা খাতুন জিনিয়া। নবীন শিক্ষার্থীদের পক্ষে মো. সজীব খান এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে ইমরান হোসেন শুভ বক্তব্য রাখেন।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ দর্শনের নৈতিক শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, নৈতিক শিক্ষা ছাড়া আমাদের কোন জ্ঞানই পরিপূর্ণ ও টেকসই হয় না।

তিনি বলেন, দেশের সেবা মেধাবী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি সুযোগ পায়। এই সুযোগের যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষ ও প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। পড়াশোনায় ভালো করার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের উপর তিনি গুরুত্বারোপ করেন। নৈতিকতা ও মানবিক মূল্যবোধ ধারণ করে সমৃদ্ধ দেশ গড়তে নিজ নিজ অৱস্থান থেকে চুমিকা রাখার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নয়া দিগন্ত



ঢাবির দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষকরা

ঢাবি দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) দর্শন বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা গতকাল ৫ নভেম্বর মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। প্রো-ডিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ কাওসার মুস্তাফা আবুলউল্লায়ীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ হিদ্বিকুর রহমান খান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন- বিভাগের ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ দাউদ খান, অধ্যাপক মো: নূরুজ্জামান, বিদায়ী ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অধ্যাপক আ খ ম ইউনুস এবং নবীন ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর অরিনা খাতুন জিনিয়া।